
# যীশুর আগমনের পূর্বে লোকেরা ঈশ্বরের আরাধনা করত

**প্রার্থনা ঃ** "প্রিয় প্রভু! একনিষ্ঠ হৃদয়ে তোমার আরাধনাতে সাহায্য করতে ছোটদের জন্য এই পাঠাংশকে ব্যবহার কর।"

বড় ছেলে-মেয়ে অথবা বয়স্ক ব্যক্তিকে ২ বংশাবলি ৫ অধ্যায় থেকে কিভাবে প্রাচীন ইস্রায়েলীয়রা তাদের নতুন মন্দিরে আরাধনা করত তা পড়তে অথবা বলতে দিন।


**এরপর এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন ঃ**

- যিরূশালেমে পবিত্র উৎসবে শলোমন কাকে আমন্ত্রণ জানিয়ে ছিলেন? (উত্তরঃ ৩ পদ)
- তারা কি বলি দিয়েছিলে? (৬ পদ)
- মহাপবিত্র স্থানে করূবদের ডানার তলায় কি ছিল? (৭ পদ)
- নিয়ম সিন্দুকের মধ্যে কি ছিল? (১০ পদ)



- লেবীয় ও যাজকরা কিরূপে আরাধনা করত? (১২ ও ১৩ পদ)
- যাজকরা যখন ঈশ্বরের প্রশংসা করত তখন মন্দির কিসে পরিপূর্ণ হয়ে যেত? (১৩ পদ)


ব্যাখ্যা করুন যে, যেহেতু যীশু এসেছিলেন এবং তাঁর পবিত্র আত্মাকে আমাদের মধ্যে বাস করার জন্য প্রেরণ করেছেন সেহেতু, ঈশ্বরের. উপস্থিতি এখন কেবল মাত্র একটি অট্টালিকার মধ্যে নয় কিন্তু সমস্ত মানুষেরই হৃদয়ে আছে। পশুবলি যীশুরই প্রতীকসরূপ ছিল। বর্তমানে আমরা পশুবলি দিই না কারণ যীশু হলেন ঈশ্বরের মেষ শাবক যিনি আমাদের পাপ তুলে নিয়ে গেছেন।



## কার্যকলাপ

প্রাচীন ইস্রায়েলীয়রা কি কি প্রকার ঈশ্বরের আরাধনা করত তা ছোটদেরকে উল্লেখ করতে দিন। তারপর সেগুলির সাথে বর্তমানে আমরা কি ভাবে ঈশ্বরের আরাধনা করি তার তুলনা কর। উদাহরণ ঃ

- ইস্রায়েলীয়দের পাথর ও চেরাই কাঠ এর তৈরী মন্দির ছিল, কিন্তু বর্তমানে আমরা যে কোনও জায়গায় আরাধনা করতে পারি।
- ইস্রায়েলীয়দের নিময় সিন্দুক ঈশ্বরের উপস্থিতিকে বোঝাত, কিন্তু বর্তমানে ঈশ্বর আমাদের মধ্যে বাস করেন।
- ইস্রায়েলীয়রা পশুবলি দিত, কিন্তু বর্তমানে আমাদের জন্য আছে খ্রীষ্টের দেহ যা আমরা প্রভুর ভোজের মধ্যে পাই।



- ইস্রায়েলীয়রা গান এবং প্রদানের মাধ্যমে ঈশ্বরের প্রশংসা করত। যা বর্তমানে আমরাও করি।
- ইস্রায়েলীয়রা প্রতিমা এবং মন্দ আত্মাদের এড়িয়ে চলতেন, যা আমরাও এড়িয়ে চলি।

## নাটক

২ বংশবলি ৫, থেকে মন্দির উৎসর্গের ঘটনাটি নাটক আকারে উপস্থাপন করুন

- আরাধনার নেতাদের সঙ্গে শিশুদের দিয়ে নাটকটি উপস্থাপনের ব্যবস্থা করুন।
- ছোট শিশুদের প্রস্তুতিতে বড় শিশুদের সাহায্য করতে দিন।
- ছোট শিশুদের যাজকবর্গ (চারজন) এবং লেবীয়দের ভূমিকায় অভিনয় করতে দিন।
- বড় শিশুদের অথবা প্রাপ্ত বয়স্কদের শলোমন, বালিকা, পিতামাতা, ঈশ্বরের রব এবং বর্ণনাকারীর ভূমিকায় অভিনয় করতে দিন।

**বিবৃতিকার** ঃ ২ বংশাবলির গল্পটি সংক্ষেপ করবে। তারপর বলবে ''একজন কন্যা তার বাবার কাছে কি জিজ্ঞাসা করে তা শ্রবণ করুন।''

**কন্যা** ঃ বাবা মার হাত ধরে হাঁটতে এবং বলবে। ''আমরা দুদিন ধরে হাঁটছি। আমরা কোথায় যাচ্ছি?''

**বাবা-মা** ঃ ''তিনি যে মন্দির তৈরী করেছেন তার উৎসর্গের জন্য রাজা শলোমন সমস্ত ইস্রায়েলীয়দের যিরূশালেমে আমন্ত্রণ জানিয়েছেন।''

**কন্যা** ঃ ''ওই দেখ, যাজকরা সোনায় মোড়া একটি বড় পাত্র বহন করছে।''

**যাজকগণ** ঃ তাদের কাঁধে লম্বা হাতলের দুই প্রান্ত ধরে রেখে নিয়ম সিন্দুক বহনের অভিনয় করবে। সামনে এবং কিছুটা তফাতে পিছনে দুজন হাঁটবে। এরপর নিয়ম সিন্দুকটি নামিয়ে রাখার অভিনয় করবে।

**পিতা-মাতা** ঃ ''এটা হল নিয়ম সিন্দুক। এর মধ্যে দশ আজ্ঞা আছে। ওরা নতুন মন্দিরের মহাপবিত্র স্থানে ওটা নামিয়ে রাখছে। এটা আমাদেরকে সর্বশক্তিমান ঈশ্বরের উপস্থিতির সম্পর্কে স্মরণ করিয়ে দেয়।'' (মস্তক নমন করবে)

**কন্যা** ঃ ''ওরা কখন ওটা খুলবে?''

**পিতা-মাতা** ঃ ''কখন ও নয়। কারণ কোনও মানুষ যখনই তা স্পর্শ করবে তখনই ঈশ্বর তাকে মৃত্যুজনক আঘাত করবেন।''

**লেবীয়গণ** ঃ করতাল ও তুরী বাজাতে বাজাতে হাঁটার অভিনয় করবে।



**কন্যা** ঃ ''ওই দেখ বাদ্যকারীরা, করতাল, তূরী ও বীণা ধরে আছে।''

**লেবীয়গণ** ঃ একত্রে জোরে উচ্চারণ করবে। ''ঈশ্বরের প্রশংসা হোক! তাঁর দয়া ও প্রেম অনন্তকাল স্থায়ী।''

**কন্যা** ঃ ''দেখ, ঈশ্বরের গৃহ মেঘে পূর্ণ হয়ে গেছে। যাজকদের এবারে ওই স্থান ত্যাগ করতে হবে।''

**লেবীয়গণ** ঃ উপরে এবং চারিদিকে তাকাবে। হাত তুলবে এবং হেঁটে বেরিয়ে যাবে। যেমন অন্ধরা করে।

**পিতামাতা ঃ** ''প্রভুর মহিমা, ঈশ্বরের গৃহকে পূর্ণ করে দিয়েছে! দেখ, রাজা শলোমন প্রার্থনা করছেন!''

**শলোমন ঃ** স্বর্গের দিকে দু'হাত প্রসারিত করবে এবং উচ্চৈস্বরে বলবে, ''হে প্রভু ইস্রায়েলের ঈশ্বর, আমি তোমার চিরকালীন বসবাসের নিমিত্তে একটি সৌন্দর্যমণ্ডিত গৃহ নির্মাণ করেছি। কিন্তু তুমি কি পৃথিবীস্থ মনুষ্যজাতীর মধ্যে বাস করবে? কারণ দিগন্ত বিস্তৃত আকাশ তোমায় ধারণ করতে পারে না। সে তুলনায় কত ছোট এই গৃহ আমি নির্মাণ করেছি।''

**বিবৃতিকার ঃ** স্বর্গ থেকে ঈশ্বরের রব উত্তর দেবে।

**ঈশ্বরের রব ঃ** ''আমার নাম যাতে সেখানে থাকে, সেজন্য আমি যিরূশালেমকে মনোনীত করেছি। এখন আমার লোকেরা যারা আমার নামে ডাকে, তারা যদি নম্র হয় ও প্রার্থনা করে, এবং যদি আমার শ্রীমুখের অন্বেষণ করে, এবং তাদের দুষ্টতা থেকে যদি ফিরে আসে, তবে আমি তাদের পাপ ক্ষমা করব ও তাদের দেশকে সুস্থ করব।''

ছোটরা যদি প্রাপ্তবয়স্কদের জন্য এটি উপস্থাপন করে তবে তারা এই পাঠ্যাংশে ১নং পাতার প্রশ্নগুলি তাদেরকে জিজ্ঞাসা করতে পারে।

**ছবি ঃ** একটি বীণা অথবা অন্যকোনও বাদ্যযন্ত্রের ছবি ছোটদের আঁকতে দিন যা বাদ্য সহকারে কিভাবে আমরা ঈশ্বরের উপস্থিতিকে উদযাপন করতে পারি তা ব্যাখ্যা করবে।



**কবিতা ঃ** তিনজন বাচ্চার প্রত্যেককে যিশাইয় ৬ঃ১-৪ থেকে এক একটি পদ আবৃত্তি করতে দিন

যে বৎসর রাজা উষিয়ের মৃত্যু হয়,
আমি প্রভুকে এক উচ্চ ও উন্নত সিংহাসনে উপবিষ্ট দেখলাম
এবং তাঁর রাজবস্ত্রের অঞ্চলে মন্দির পূর্ণ হয়েছিল।
তাঁহার উপরে সরাবগণ, প্রত্যেকে ছয় পক্ষ সহ দণ্ডায়মান ছিল,
তারা একে অপরকে ডেকে বলত,
''পবিত্র পবিত্র, পবিত্র, সর্বশক্তিমান প্রভু।''
সমস্ত পৃথিবী তাঁর প্রতাপে পরিপূর্ণ,
তাদের ঘোষণাকারী রবে, শিলামূল সকল কাঁপতে লাগল,
এবং গৃহ ধূমে পরিপূর্ণ হতে লাগল''।

একেবারে ছোট্ট বাচ্চাদের গীত সংহীতা ৮৭ঃ৩ ও বড়দের ইব্রীয় ১ঃ১-২ মুখস্থ করতে দিন।

**প্রার্থনা ঃ** ''হে প্রভু, রাজা শলোমন ও ইস্রায়েলের লোকবৃন্দের কাছে নিজেকে প্রকাশ করার জন্য তোমায় ধন্যবাদ দিই। এখন যীশুর কারণে, তুমি আমাদের প্রত্যেকের মধ্যে বাস কর। আমরা উল্লাস এবং তোমার প্রশংসা করি''।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net